



‘অমর একুশের চেতনায় মাতৃভাষার ঐতিহ্য এবং সংকট উত্তরণ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার আয়োজনে “সুপ্ত প্রতিভা বিকশিত হোক লেখনীর ধারায়” স্লোগানকে সামনে রেখে ২৪ ফেব্রুয়ারি ২০২২, বৃহস্পতিবার কেন্দ্রীয় মিলনায়তন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ‘অমর একুশের চেতনায় মাতৃভাষার ঐতিহ্য এবং সংকট উত্তরণ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ইসরাফিল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে ছিলেন বাংলা একাডেমির সভাপতি সেলিনা হোসেন।



এসময় সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ এ কে এম লুৎফর রহমান এবং পরিচালক(ছাত্র-কল্যাণ) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম।

এছাড়াও বিশেষ বক্তা হিসেবে ছিলেন বাংলাদেশ ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ ইব্রাহীম ফরাজী এবং সাধারণ সম্পাদক এস. এম আকতার হোসাইন।

সেমিনারটিতে সঞ্চালনার দায়িত্বে ছিলেন বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক ইমরান হুসাইন। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন।